গণপূর্ত অধিদপ্তর
গৃহীত
গ্রহণ ও বিলি শাখা
19 JAN 2026

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন শাখা-১
www.mohpw.gov.bd

নির্বাহী প্রকৌশলী (তদন্ত কোষ)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

নম্বর: ২৫.০০.০০০০.১২২.২৭.০১৯.১৯-৩৩

তারিখ: ০১ মাঘ ১৪৩২ / ১৫ জানুয়ারি ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ তাহাজ্জুদ হোসেন, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)(সাময়িক বরখাস্তকৃত), চুয়াডাঙ্গা গণপূর্ত বিভাগ ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনায় কর্মরত থাকা অবস্থায় রূপপুর গ্রীণসিটি প্রকল্পের নির্মাণাধীন ২০ ও ১৬ তলা ভবনের আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় এবং ভবনে উঠানোর কাজে অস্বাভাবিক ব্যয়ের প্রাক্কলন পরীক্ষা-নিরীক্ষা ও সুপারিশ এর বিষয়টি বিভিন্ন মিডিয়াতে প্রকাশিত হয়। উক্ত অস্বাভাবিক ব্যয়ের বিষয়ে গণপূর্ত অধিদপ্তর হতে ১৯/০৫/২০১৯ তারিখের ২৫.৩৬.০০০০.২১৩.২৭.৫১৩.২০১৯-৪২৭ নম্বর স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয়। পরবর্তীতে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকেও ১৯/০৫/২০১৯ তারিখের ২৫.০০.০০০.০৩১.১৪.০৮৯.১৭-২১০ নম্বর স্মারকে আরও একটি তদন্ত কমিটি গঠন করা হয়। গণপূর্ত অধিদপ্তর এবং এ মন্ত্রণালয় হতে গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় এবং ভবনে উঠানোর কাজে অস্বাভাবিক ব্যয়ের বিষয়টি প্রমাণিত হয়েছে। তদন্ত কমিটির সুপারিশ মোতাবেক তিনি অস্বাভাবিক ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত এর সাথে সরাসরি জড়িত থেকে দায়িত্ব পালনে অবহেলা করেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ তাহাজ্জুদ হোসেন-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে ০৫/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রুজু করে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় 'অভিযোগনামা' ও 'অভিযোগ বিবরণী' প্রেরণ করা হয়। তিনি ২০/১০/২০১৯ তারিখ লিখিত জবাব দাখিল করেন। অভিযুক্ত কর্মকর্তা দুদকের ০৩/২০২০ নং মামলায় পুলিশ হেফাজতে ছিলেন। পরবর্তীতে, গত ১২/০৮/২০২৫ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০২। যেহেতু, উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ফারুক আহম্মেদকে সভাপতি, যুগ্মসচিব জনাব মোঃ মনিরুজ্জামান মিঞাকে সদস্য এবং সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ আশিক উন নবী তালুকদারকে সদস্য-সচিব করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ তাহাজ্জুদ হোসেন, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)(সাময়িক বরখাস্তকৃত), চুয়াডাঙ্গা গণপূর্ত বিভাগ ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩ (খ) মোতাবেক আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়।

০৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন মোতাবেক অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তাকে ৩০/১০/২০২৫ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ১৮/১১/২০২৫ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। প্রাপ্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (খ) অনুযায়ী তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭ এর উপবিধি-১০ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মোঃ তাহাজ্জুদ হোসেন, নির্বাহী প্রকৌশলী (চলতি

দায়িত্ব)(সাময়িক বরখাস্তকৃত), চুয়াডাঙ্গা গণপূর্ত বিভাগ ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে। সুতরাং, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (খ) অনুযায়ী তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড দেয়া প্রয়োজন;

০৪। যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্র এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (খ) অনুযায়ী জনাব মোঃ তাহাজ্জুদ হোসেনকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং যেহেতু নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ তাহাজ্জুদ হোসেনকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড আরোপের প্রস্তাবে সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

নির্বাহী প্রকৌশলী (তদন্ত কোষ)
গৃহীত
ডাইরী নং: ৮৬ তারিখ: ২৬/০১/২৬

চলমান পাতা-২

গণপূর্ত অধিদপ্তর
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সংস্থাপন শাখা-৩

নিঃ প্রঃ (তদন্ত)

25 JAN 2026

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।

তঃ প্রকৌঃ (সংস্থাপন)

অতিঃ প্রঃ প্রঃ (সওস)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।



০৫। যেহেতু, জনাব মোঃ তাহাজ্জুদ হোসেন, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)(সাময়িক বরখাস্তকৃত), চুয়াডাঙ্গা গণপূর্ত বিভাগ ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ (খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদান করা হলো।

০৬। অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ তাহাজ্জুদ হোসেন, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)(সাময়িক বরখাস্তকৃত), চুয়াডাঙ্গা গণপূর্ত বিভাগ ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনাকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৪ জুলাই ২০১৯ তারিখের ২৫.০০.০০০০.০১৩.২৭.০০৪.১৯-১১১ নং প্রজ্ঞাপনমূলে প্রদত্ত সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তিনি বিধি-মোতাবেক যাবতীয় আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

০৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত
১৫/০১/২০২৬
মোঃ নজরুল ইসলাম
সচিব

নম্বর: ২৫.০০.০০০০.১২২.২৭.০১৯.১৯-৩৩(১০)

তারিখ: ০১ মাঘ ১৪৩২
১৫ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

০২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। উপসচিব (প্রশাসন শাখা-৭), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত ০৫ কপি গেজেট এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

০৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

০৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৯। জনাব মোঃ তাহাজ্জুদ হোসেন, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)(সাময়িক বরখাস্তকৃত), চুয়াডাঙ্গা গণপূর্ত বিভাগ ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনা।

১০। অফিস কপি/মাস্টার ফাইল।

মোছা: লুৎফুন নাহার নাজীম
উপসচিব
টেলিফোন: ০২২২৩৩৮৯০০৬
ই-মেইল: adminsection1@mohpw.gov.bd

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এম বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ৬৮৮ তারিখ ঃ- ৩/২/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৩
www.pwd.gov.bd

তারিখ: ১৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০৫১৪.১৯.৩৮

বিষয়: পৃষ্ঠাঙ্কন ২৮ জানুয়ারি ২০২৬

পূর্ব পৃষ্ঠার বর্ণিত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

৩০-০১-২০২৬
(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
ফোন : ০২২২৩৩৮০৯৯৯
ফ্যাক্স : ০২-৯৫৫৬৬৬৮
ইমেইল : se_est@pwd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত জোন, রাজশাহী।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা গণপূর্ত জোন, খুলনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা গণপূর্ত সার্কেল, পাবনা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর গণপূর্ত সার্কেল, যশোর।
৫। নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, পাবনা গণপূর্ত বিভাগ, পাবনা।
৭। নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা।
৮। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। ইহা প্রধান প্রকৌশলী মহোদয়ের অবগতির জন্য।
৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা (ইহা গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
১২। জনাব মোঃ তাহাজ্জুদ হোসেন, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) (বাধ্যতামূলক অবসর প্রদানকৃত), চুয়াডাঙ্গা গণপূর্ত বিভাগ ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনা।
১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চুয়াডাঙ্গা এবং
১৪। তত্ত্বাবধায়ক, সংস্থাপন শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।